যুগান্তর

DEC. 23 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারি কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতর বেসামরিক খাতের বেতন গ্রহণকারী সব তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারি কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তানদের জন্য নির্ধারিত ফরমে ২০০১-২০০২ সালের শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান করা হয়েছে। কন্টিজেন্সি, ওয়াকচার্জড কর্মচারী যারা একনাগাড়ে ৫ বছর বা তদূর্ধ্বকাল চাকরিতে নিয়োজিত আছেন তারাও তাদের সন্তানদের শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। কিন্তু ডাক, তার, টেলিযোগাযোগ, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারীরা আবেদন করতে পারবেন না।

উপরোক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০ নম্বর থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৪ ফেব্রুয়ারির মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারি কর্মচারী কল্যাণ অধিদফতরের সংশ্লিষ্ট অফিসে পৌঁছাতে হবে। ওই তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না। পরীক্ষার ফলের মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হলে তা অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

কর্মচারীরা যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সেজন্য অধিদফতরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেয়া হয়েছে। তথ্য বিবরণী।